# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৩১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০. আযানের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ

باب أَخْذِ الأَجْرِ عَلَى التَّأْذِينِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا سَعِيدٌ الْجُرَيْرِيُّ، عَنْ أَبِي الْعَلاَءِ، عَنْ مُطَرِّفِ بْنِ عَبْدِ اللهِ، عَنْ عُثْمَانَ بْنِ أَبِي الْعَاصِ، قَالَ قُلْتُ وَقَالَ مُوسَى فِي مَوْضِعٍ آخَرَ إِنَّ عُثْمَانَ بْنَ أَبِي الْعَاصِ قَالَ يَا رَسُولَ اللهِ اجْعَلْنِي إِمَامَ قَوْمِي . قَالَ " أَنْتَ إِمَامُهُمْ وَاقْتَدِ بِأَضْعَفِهِمْ وَاتَّخِذْ مُؤَذِّنًا لاَ يَأْخُذُ عَلَى أَذَانِهِ أَجْرًا "

صحيح : م ، دون الاتخاذ

বাংলা

৫৩১। ’উসমান ইবনু আবূল ’আস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, হে আল্লাহর রসূল! আমাকে আমার সম্প্রদায়ের ইমাম নিয়োগ করুন। তিনি বলেনঃ যাও, তোমাকে তাদের ইমাম নিযুক্ত করা হলো। তবে দূর্বল মুক্তাদীদের প্রতি খেয়াল রাখবে এবং এমন একজন মুয়াজ্জিন নিয়োগ করবে যে তার আযানের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ করবে না।[1]

সহীহ : মুসলিম, মুয়াজ্জিন নিয়োগের কথাটি বাদে।

## English

Narrated Uthman ibn Abul'As:

Messenger of Allah, appoint me the leader of the tribe in prayer. He said: You are their leader, but you should follow on who is the weakest of them: and appoint a mu'adhdhin who does not charge for the calling of adhan.

## ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ আযান, অনুঃ এমন ব্যক্তিকে মুয়াজ্জিন বানানো যে আযানের পারিশ্রমিক নেয় না, হাঃ ৬৭১), আহমাদ (৪/২১), বায়হাক্বী 'সুনানুল কুবরা' (১/৪২৯) সকলেই মুত্বাররিফ সূত্রে এবং তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুয়াজ্জিনের আযানের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ অপছন্দনীয়, হাঃ ২০৯), ইবনু মাজাহ (অধ্যায়ঃ আযান, অনুঃ আযানের সুন্নাত, হাঃ ৭১৪) উভয়ে আশ'আস সূত্রে হাসান থেকে 'উসমান ইবনু আবূল 'আস সূত্রে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

মুয়াজ্জিনের জন্য আযানের বিনিময় গ্রহণ করা অপছন্দনীয় (অবশ্য এছাড়া অন্যান্য কাজের জন্য বেতন নেয়া যাবে। যেমন, মাসজিদ পরিচ্ছন্ন রাখা, দেখাশুনা করা ইত্যাদি)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উসমান ইবন আবুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন